গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

“দুর্যোগ আগাম সতর্কবার্তা,সবার জন্য কার্যব্যবস্থা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে র্যালী ও আলোচনা সভা মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২২ পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় গাংনী উপজেলা সভাকক্ষে গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর-০২(গাংনী)আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

বিশেষ অতিথি উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক,গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, ফায়ার সার্ভিসের কর্মকর্তা কর্মচারী এবং বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

র্যালী আলোচনা সভা ও মহড়ার মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

“দুর্যোগে আগাম সতর্কবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা’ এই প্রতিপাদ্যে কে সামনে রেখে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর উপজেলায় পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস। দুর্যোগের ঝুঁকি কমাতে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বাড়াতেই সরকারের এই উদ্যোগ।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে ও দুর্যোগ ব্যবস্থাপনা

অধিদপ্তরের তত্ত্বাবধানে এ মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র ছত্রীদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয় এবং উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স এর ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শিত হয়।

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস। উপজেলা নির্বাহী অনিমেস বিশ্বাসের এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ফায়ার ব্রিগেড সিভিল ডিফেন্স কর্মকর্তা শাজাহান ও মোস্তাফিজুর মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলী হোসেন সহ স্কুলের ছাত্রছাত্রীবৃন্দ এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন পরিষদে জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত

জন্ম নিবন্ধন একবার, বিড়ম্বনা নয় বার বার, এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে শূন্য থেকে ৪৫ দিনের শিশুদের বিনা মূল্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন ক্যাম্পেইন দিবস পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে: আনুষ্ঠানিকভাবে এ ক্যাম্পেইন দিবস পালন করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিনের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহাজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান পটু, সাবিনা ইয়াসমিন মিনি, রওশনারা, রহিমা খাতুন। উদ্যোক্তা মিনারুল ইসলাম, রাসেল আহমেদ,

কম্পিউটার অপারেটর মাহমুদা পারভীন ও সৌরভ।

হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন বলেন, সরকার আমাদের প্রতি মাসে তার্গেট দিয়েছে জন্ম নিবন্ধন ৬৯টি আর মৃত্যু নিবন্ধন ১৭ টি আর আমাদের ০১ তারিখ থেকে ০৫ তারিখ পর্যন্ত জন্ম নিবন্ধন হয়েছে ৮০টি, আর মৃত্যু নিবন্ধন হয়েছে ১২টি।

তিনি আরো বলেন, আমরা গ্রাম পুলিশ দিয়ে যাদের ০ থেকে ৪৫ দিন বয়স হয়েছে তাদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য নিয়ে তাদের জন্ম নিবন্ধন সনদ করে দেওয়া হচ্ছে। ১তারিখ হতে ০৬ তারিখ পর্যন্ত এ ক্যাম্পেইন চলমান থাকবে। সেই সঙ্গে ০ হতে ৪৫দিনের মধ্যে সম্পূর্ণ বিনামূল্যে শিশুর জন্মনিবন্ধন করা হবে এবং উক্ত নিবন্ধনকারীদের ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে উপহার প্রদান করা হবে।

এদিকে নির্দিষ্ট সময়ের মধ্যেই জন্ম ও মৃত্য নিবন্ধন না করলে আর্থিক ও সরকারি বেসরকারি সেবা থেকে বঞ্চিত হবে ইউনিয়নবাসী৷